তারিখ ... [illegible] ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৪ ......

114

শিক্ষক ও সাজসরঞ্জামের অভাব

# রাজবাড়ীতে অর্ধলক্ষ ছাত্র-ছাত্রীর লেখাপড়া ব্যাহত

রাজবাড়ী সংবাদদাতা।। স্থানাভাব, শিক্ষকস্বল্পতা ও প্রয়োজনীয় সাজ-সরঞ্জামের অভাবে রাজবাড়ী জেলার মাধ্যমিক বিদ্যালয়গুলিতে প্রায় ৫০ হাজার ছাত্র-ছাত্রীর লেখাপড়া ব্যাহত হইতেছে। রাজবাড়ী জেলায় মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ৯৭টি। তন্মধ্যে নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা ২১টি। বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের স্থান সংকুলান না হওয়ায় শ্রেণীকক্ষে গাদাগাদিভাবে ক্লাস নিতে হইতেছে। জেলার ৪টি থানার প্রায় ১৫টি বিদ্যালয় ভবনের অংশ-বিশেষ বিপজ্জনক অবস্থায় আছে। যাহাতে এখনও ক্লাস চলিতেছে। বৃষ্টির সময় বিদ্যালয়গুলিতে ক্লাস নেওয়া যায় না। অধিকাংশ বিদ্যালয়ের দরজা-জানালা জরাজীর্ণ এবং আসবাবপত্রের সংকট

( ৪র্থ পৃঃ দ্রঃ)

## রাজবাড়ীতে

(৩য় পৃঃ পর)

রহিয়াছে। জেলার সব কয়টি বিদ্যালয়েই ক্রীড়াসামগ্রী নাই বলিলেই চলে। রাজবাড়ী সরকারী উচ্চ বালক বিদ্যালয়, রাজবাড়ী সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, রাজা সূর্যকুমার উচ্চ বিদ্যালয়, শেরে বাংলা উচ্চ বালিকা বিদ্যালয়ে বর্তমানে ছাত্র-ছাত্রী সংখ্যা ৭শত হইতে ৮ শত করিয়া হইলেও বিদ্যালয়গুলিতে শিক্ষকের সংখ্যা ২০/২২ জনের নীচে। সরকারী উচ্চ বালক বিদ্যালয়, সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় ও রাজা সূর্যকুমার উচ্চ বিদ্যালয়েই ৬ষ্ঠ শ্রেণীর একটি শাখায় ছাত্র-ছাত্রীর সংখ্যা ১শতের উপরে। জেলায় সরকারী উচ্চ বিদ্যালয়ের সংখ্যা ৪টি। বালিয়াকান্দি ও পাংশা থানা সদরের ১টি বালক ও ১টি বালিকা বিদ্যালয়কে সরকারীভাবে কয়েকবার আশ্বাস দেওয়ার পরও এখনও সরকারীকরণ করা হয় নাই। গরীব ও মেধাবী ছাত্রীদের কথা চিন্তা করিয়া জেলার ২টি পৌরসভা এলাকায় বিদ্যালয়ে অধ্যয়নরত ছাত্রীদের বেতন মওকুফের সুবিধা দেওয়া প্রয়োজন বলিয়া অভিভাবকেরা জানায়।

উল্লেখ্য, সরকারী নির্দেশে পৌর এলাকার ছাত্রীরা বেতন মওকুফের সুবিধা হইতে বঞ্চিত।